সংবাদ

তারিখ ... 11 OCT 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# শিক্ষা প্রতিষ্ঠানের অনিয়ম দুর্নীতি বন্ধের দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

'শিক্ষা প্রতিষ্ঠানের অনিয়ম-দুর্নীতি ও শিক্ষা বাণিজ্য' বন্ধ করার দাবি জানিয়েছে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের 'অভিভাবক ফোরাম'। শুক্রবার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত ফোরামের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে বক্তারা এ দাবি জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুপ্রিম কোর্টের বিচারপতি একেএম জাহিরুল হক। এতে সভাপতিত্ব করেন অভিভাবক ফোরামের চেয়ারম্যান জিয়াউল কবির দুলু। বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য শিরিন নাঈম পুনম, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব গিয়াসউদ্দিন আহমেদ। বক্তব্য রাখেন অভিভাবক ফোরামের সাধারণ সম্পাদক সেলিম উদ্দিন, মতিঝিলের অভিভাবক মিজানুর রহমান মিজান, ফোরামের বনশ্রী শাখার সভাপতির আবুল কালাম আজাদ, মুগদা শাখার সভাপতি শওকতুল আলম শওকত প্রমুখ।

বক্তারা ২০১৬ শিক্ষাবর্ষে অনলাইনের মাধ্যমে ছাত্র ভর্তির কার্যক্রম শুরু করা, ছাত্র বেতন বৃদ্ধির নীতিমালা প্রণয়ন এবং আগামী ৩ বছরের মধ্যে সেশন চার্জসহ ছাত্র বেতন বৃদ্ধি না করা, শ্রেণীকক্ষে মানসম্মত পাঠদান নিশ্চিত করা, প্যারেন্টস ডে'র আয়োজন, শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা, ক্লাসরুমে ছাত্রছাত্রীর সংখ্যা ৫০ জন নির্ধারণ এবং নির্বাচিত গভর্নিং বডি গঠনের দাবি জানান।